কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
**dae-comreg.chittagongdiv.gov.bd**
**adcomilla@dae.gov.bd**

স্মারক নং: ১২.১৬.১৯০০.০৪১.৯৯.৩৩০.২৪.-১২০২ তারিখ: ১৪ আগস্ট ২০২৪ খ্রি.

বিষয়: অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার সাথে তাঁর আওতাধীন মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিববৃন্দের মত বিনিময় সভার গৃহীত সিদ্ধান্তের আলোকে কাজের অগ্রাধিকার নির্ধারণ।

সূত্র : পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের ১৩ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের স্মারক নং ১২.০১.০০০০.১১১.১২.০০১.২২.-১১৬৮ মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, অন্তর্বতীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার সাথে তাঁর আওতাধীন মন্ত্রণালয় /বিভাগের সিনিয়র সচিব/সচিববৃন্দের মত বিনিময় সভার গৃহীত সিদ্ধান্ত'গ' বাস্তবায়নের লক্ষ্যে কুমিল্লা অঞ্চলের কাজের অগ্রাধিকার নির্ধারণ করে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

কাজের অগ্রাধিকারসমূহ:

১। আমন রোপনের লক্ষ্যমাত্রা অর্জনে মাঠ পর্যায়ে কর্মকর্তাদের স্ব স্ব কর্মস্থলে অবস্থান করে নিয়মিত মাঠ পরিদর্শন করা।
২। রোপা আমন সকল প্রযুক্তির ব্যবহার নিশ্চিতে তৎপর হতে হবে প্রয়োজনবোধে রোপা আমনে সম্পূরক সেচের ব্যবস্থা রাখতে হবে।
৩। আউশের সকল জাতের নমুনা শস্যকর্তন নিতে হবে। প্রণোদনার প্রদত্ত আউশেরও নমুনা শস্যকর্তনেরও হিসাব রাখতে হবে।
৪। পারিবারিক পুষ্টি বাগানসমূহে যাতে সবসময় মৌসুমভিত্তিক প্রচলিত ও অপ্রচলিত শাকসবজি ও ফসল থাকে সেদিকে লক্ষ্য রাখতে হবে।
৫। সকল প্রকল্পের নির্ধারিত কার্যক্রম (প্রদর্শণী, প্রশিক্ষণ ও মাঠ দিবস) সময়মত সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে।
৬। প্রণোদনা/ পুর্নবাসন কার্যক্রম যথাসময়ে ও যথানিয়মে বাস্তবায়ন তদারকি।
৭। কৃষি উপকরণ (সার, বীজ, কীটনাশক ইত্যাদি) চাহিদা মাফিক সরবরাহ, মজুত পরিস্থিতি নিয়মিত মনিটরিং করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
৮। রবি পরিকল্পনা মোতাবেক বোরো ধান ও তেল ফসলের বীজের চাহিদা নিরুপনসহ বাস্তবায়নে প্রস্তুতি গ্রহণ।
৯। নুতন ফল বাগান সৃজন এবং বিদ্যমান ফলবাগানসমূহ যথাযথ পরিচর্যা নিশ্চিত করতে হবে।
১০। সম্ভাব্য স্থানসমূহে আগাম শীতকালীন শাকসবজি আবাদের পদক্ষেপ গ্রহণ করতে হবে।
১০। সার্বক্ষণিক কৃষকের পাশে থেকে কৃষি বিভাগের কাঙ্ক্ষিত সেবা প্রদান করে ধারাবাহিকভাবে খাদ্য নিরাপত্তা বজায় রাখতে হবে।

১৪.০৮.২০২৪ খ্রি.
মো: আক্তারুজ্জামান
পরিচিতি নং ১৭০৬
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কুমিল্লা অঞ্চল
ফোন: ০২৩৩৪৪৩৬৯০৯
addaecomilla@gmail.com
addaecomilla@yahoo.com

মহাপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা

দৃষ্টি আকর্ষণ: পরিচালক, প্রশাসন ও অর্থ উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা; চাঁদপুর; ব্রাহ্মণবাড়িয়া। প্রতিবেদনটি আপনার প্রেরিত তথ্যের ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে।